

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘারপাড়া, যশোর
উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর



<http://www.bagherpara.jessore.gov.bd>

নম্বর ০৫.৪৪.৪১০৯.০০০.২০.০০১.২২.১৮৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯

০৭ মার্চ ২০২৩

নোটিশ

বিষয়: উপজেলা পরিষদের মার্চ-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা নোটিশ প্রেরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মার্চ-২০২৩ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভিক্টোরিয়া পারভীন সাথী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ০৯ মার্চ '২০২৩ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০২(দুই) কার্যদিবস পূর্বে কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে cobagherpara@gmail.com প্রেরণ নিশ্চিত করণ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. বিভিন্ন বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনা।
৪. ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৫. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৬. মাননীয় উপদেষ্টা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সুপারিশসমূহ।
৭. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৮. বিবিধ।

৭-৩-২০২৩

সৈয়দ জাকির হাসান

উপজেলা নির্বাহী অফিসার

ফোন: ০২৪৭৭৭১৯১৬

ইমেইল:

unobagherpara@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:




- ১) জনাব রনজিত কুমার রায়, মাননীয় সংসদ সদস্য, ৮৮, যশোর-৪
- ২) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা
- ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৪) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৫) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর
- ৬) মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর
- ৭) উপজেলা.....কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
- ৮) চেয়ারম্যান, জহরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/খলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর
- ৯) উপজেলা পরিষদ সংরক্ষিত সদস্য(সকল) , বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮৫

তারিখঃ ০৭ মার্চ '২০২৩খ্রিঃ।



ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	 ০৭/০৩/২৩
২	উপজেলা কৃষি কর্মকর্তা	 ০৭/০৩/২০২৩
৩	উপজেলা প্রকৌশলী	 ০৭/০৩/২৩
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	 ০৭/০৩/২৩
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	 ০৭/০৩/২৩
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	 ০৭/০৩/২০২৩
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	 ০৭/০৩/২৩
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	 ০৭/০৩/২৩
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	 ০৭/০৩/২৩
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	 ০৭/০৩/২০২৩
১১	উপজেলা প: প: কর্মকর্তা	 ০৭/০৩/২৩
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	 ০৭/০৩/২৩
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	 ০৭/০৩/২৩
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	 ০৭/০৩/২৩
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	 ০৭/০৩/২৩
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	 ০৭/০৩/২৩

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২২-১৮৫

তারিখঃ ০৭ মার্চ ' ২০২৩খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তি স্বীকার
১.	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	 ০৭/০৩/২৩
২.	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	
৩.	চেয়ারম্যান, জহরপুর ইউপি	 ০৭.০৩.২৩
৪.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৫.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৬.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	 ০৭/৩/২৩
৭.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	
৮.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৯.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
১০.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
১১.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

স্বাভাবিকভাবেই যেভাবে সবিস্তার জানুয়ারি/২০২০
মাংসের মাংসের মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস
দেখানো, যেভাবে সবিস্তার

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- ২০/০২/২০২০ দি: সবিস্তার দিলে - ২০.০০.০০.০০.০০

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস











জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

জলদানি :- জলদানি দিলেই মাংসের মাংস

স্বাক্ষরিত প্রতিলিপিত প্রদানকারী স্বাক্ষর (আইডিটি কমপ্লিট)

- | | | |
|----------------------------|-------------|--|
| ১। মোঃ রুহুল হোসেন | UAO | 
২৩/০১/২০২০ |
| ২। এ.টি. এম মাহমুদ (মোমেন) | USO | 
২৩/১/২০ |
| ৩। মোঃ আব্দুল করিম | DGM/PBS | 
২৩/০১/২৩ |
| ৪। প্রলাভ বলা | UFO | 
২৩/০১/২৬ |
| ৫। হাবিবুল্লাহ খান | UWAO | 
২৩/১/২৬ |
| ৬। মোঃ মাহবুব রহমান | USEO | 
২৩/১/২৬ |
| ৭। মোঃ আব্দুল হুসাইন | উপসহকারী | 
২৩/১/২৬ |
| ৮। মোঃ মাহমুদ আলী | SAE (BADC) | 
২৩/১/২৩ |
| ৯। মোঃ আব্দুল হান্নান | SAE (DPHE) | 
২৩/১/২৬ |
| ১০। মোঃ মোস্তাফিজুর রহমান | UCO | 
২৩/১/২৬ |
| ১১। মোঃ আব্দুল হিম্মত আলী | USEO - | 
২৩/১/২৬ |
| ১২। মোঃ মোস্তাফিজুর রহমান | UPDO | 
২৩/১/২৬ |
| ১৩। মোঃ মাহমুদ আলী | UFPO | 
২৩/১/২৬ |
| ১৪। মোঃ মাহমুদ আলী | URDO (BRDB) | 
২৩/১/২৬ |
| ১৫। মোঃ মাহমুদ আলী | PIO | 
২৩/১/২৬ |
| ১৬। মোঃ মাহমুদ আলী | UHSFO | 
২৩/১/২৬ |
| ১৭। মোঃ মাহমুদ আলী | UDF-UGDP - | 
২৩/১/২৬ |

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি

: ভিক্টোরিয়া পারভীন সাথী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান

: উপজেলা পরিষদ মিলনায়তন, বাঘারপাড়া, যশোর

তারিখ ও সময়

: ২৯ জানুয়ারী ২০২৩ রবিবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

- ০১) জনাব মো: আব্দুর রউফ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব বিথীকা বিশ্বাস, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
- ০৩) জনাব মোঃ কামরুজ্জামান, মেয়র, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ মুনজুর রশীদ (স্বপন), চেয়ারম্যান, রায়পুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মো: জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

- ০১) জনাব মোঃ রুহুল আমিন, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) জনাব এ.টি.এম মাসুদ হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৩) শেখ আব্দুর রহমান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, বাঘারপাড়া, যশোর।
- ০৪) জনাব পলাশ বালা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৫) জনাব রাজকুমার পাল, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা(অঃদাঃ), বাঘারপাড়া, যশোর।
- ০৬) জনাব মোঃ মাহবুবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০৭) জনাব মোঃ আবু সুফিয়ান, উপজেলা প্রকৌশলী, বাঘারপাড়া, যশোর।
- ০৮) জনাব মোঃ মামুন অর রশিদ, উপসহকারী প্রকৌশলী(বিএডিসি), বাঘারপাড়া, যশোর।
- ০৯) জনাব আবু হানিফ, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর।
- ১০) জনাব মোহাঃ মোস্তাফিজুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১১) জনাব মোঃ আকরাম হোসেন খান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১২) জনাব মোঃ তোপাজ্জেল হোসেন, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৩) জনাব মোঃ মহিউদ্দীন আহম্মেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৪) জনাব রোজিনা পারভীন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৫) জনাব ফিরোজ আহম্মেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(অঃ দাঃ), বাঘারপাড়া, যশোর।
- ১৬) জনাব ডাঃ অরুণ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ১৭) জনাব মোঃ আমিনুল হক, ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

- ০১) জনাব ডাঃ মোঃ আবুজার সিদ্দীকী(অঃদাঃ), উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
- ০২) মোঃ শাহীন কবির, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার নিয়মিত কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

আর্থিকঃ (উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রত্যয়)

(ক) অফিস/বাসা-বাড়ি মেরামত সংক্রান্তঃ

উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোর এর সরকারি বাসভবনের অবস্থা খুবই জরাজীর্ণ এবং বসবাসের অনুপযোগী হওয়ায় বর্তমান উপজেলা নির্বাহী অফিসার যোগদানের পরপরই বাসভবন মেরামত কাজের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ জানানো হয়। সেপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের লক্ষ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা করে দুইটি মোট-২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন সাপেক্ষে বর্ণিত প্রাক্কলিত অর্থ বাসা-বাড়ি মেরামত ও সংরক্ষণ খাত হতে থোক বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়।

কিন্তু অদ্যবধি কোনরূপ বরাদ্দ না পাওয়া যাওয়ার কারনে বাসভবন মেরামতকরণ সম্ভব না হওয়ায় বসবাসের অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় বাসভবনসমূহ বসবাসের উপযোগী করার লক্ষ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের জন্য ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর বাসভবন মেরামত কাজের জন্য ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকার দুইটি প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আরোচনাতে প্রাক্কলন দুইটি অনুমোদন করা হয় এবং বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

খ) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের অবকাঠামো খাতের আওতায় গৃহিত প্রকল্পের বিল অনুমোদনঃ ২০১৯-২০ অর্থ বছরের (চতুর্থ ধাপ)

অবকাঠামো খাতের আওতায় গৃহিত প্রকল্পসমূহ টেন্ডারের মাধ্যমে প্রাপ্ত ঠিকাদার প্রকল্প বাস্তবায়ন করে বিল পাইবার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন দাখিল করেছেন। তৎপ্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রস্তুতকৃত বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। বিলগুলি নিম্নরূপঃ

১। প্রকল্পের নামঃ বাঘারপাড়া উপজেলাধীন ০৯টি মাধ্যমিক বিদ্যালয়ে হ্যান্ড বেসিন স্থাপন প্রকল্পের বিলের পরিমাণঃ-১০৫৯০০০/-

২। প্রকল্পের নামঃ বাঘারপাড়া উপজেলার রোস্তমপুর বাজারে ও মালঞ্চী গ্রীরাংমপুর প্রাইমারী বিদ্যালয়ে ওয়াশরুম নির্মাণ প্রকল্পের বিলের পরিমাণঃ-১০২৯৬০০/-

৩। প্রকল্পের নামঃ বাঘারপাড়া উপজেলার ২৩ কমিউনিটি ক্লিনিক ও ০৮টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রে মেডিকেল যন্ত্রপাতি ও ফার্নিচার সরবরাহ প্রকল্পের বিলের পরিমাণঃ-৮৭০৫০০/-

এ বিষয়ে বিস্তারিত আলোচনাতে বর্ণিত বিলগুলি অনুমোদন করা হয় এবং পরবর্তী কার্যক্রমের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউডিএফ ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

(গ) বাসুয়াড়ী ইউপি এর ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিলের বিল সংক্রান্তঃ চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি জানান যে, ২০২১-২২ অর্থ বছরের তার দুইটি পিআইসি এর কাজ ছিল যার কাজ সম্পন্ন করে অর্থ বছরের মধ্যে বিল উত্তোলন করা সম্ভব হয়নি। বর্তমানে উক্ত পিআইসি এর কাজ বাস্তবায়ন করা হয়েছে বিল প্রদানের জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর নিকট আইনগত মতামত চাইলে তিনি জানান বিল প্রদানে আইনগত কোন সমস্যা নাই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাতে উপজেলা নির্বাহী অফিসারকে বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

(ক) প্রাক্কলন দুইটি অনুমোদন করা হয় এবং কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের পরবর্তী কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

(ক) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
২। উপজেলা নির্বাহী অফিসার
৩। উপজেলা প্রকৌশলী

(খ) বিলগুলি অনুমোদনকরতঃ প্রদানের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

খ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
২। উপজেলা নির্বাহী অফিসার
৩। ইউডিএফ

(গ) বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
২। উপজেলা নির্বাহী অফিসার
৩। উপজেলা প্রকৌশলী

(ঘ) উপজেলা পরিষদের বাসা-বাড়ী ও দোকান ভাড়া হালনাগাদ সংক্রান্তঃ গত ১২ সেপ্টেম্বর ২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সেপ্টেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভায় ০৮নং আলোচ্যসূচিতে উপজেলা পরিষদের বাসা-বাড়ী ও দোকানঘরের ভাড়া বর্তমান সময়ে বাজার পরিস্থিতির সহিত সমন্বয়ের জন্য ০৫(পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি বাজার পরিস্থিতি যাচাই-বাছাই পূর্বক গত ১৩ ডিসেম্বর ২০২২খ্রিঃ তারিখে একটি সভা সম্পন্ন করে প্রস্তাবনাসহ একটি কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপন করেছেন। যেখানে নিম্নরূপভাবে ভাড়া সমন্বয়ের সুপারিশসহ প্রস্তাব করা হয়েছে।

ক্রমিক	বাসা/দোকানের বর্ণনা	বর্তমান ভাড়া	প্রস্তাবিত ভাড়া
১	গেজেটেড কোয়ার্টার পদ্মা	৩৫০০/- (তিন হাজার পাঁচশত)	৪০০০/- (চার হাজার)
২	০৩ (দুই) কক্ষ বিশিষ্ট আবাসিক বাসা	৩০০০/- (তিন হাজার)	৩৫০০/- (তিন হাজার পাঁচশত)
৩	০২ (দুই) কক্ষ বিশিষ্ট আবাসিক বাসা	২৫০০ (দুই হাজার পাঁচশত)	৩০০০/- (তিন হাজার)
৪	দোকান ভাড়া (সর্বশেষ ২০১১ সালে নির্ধারণ করা হয়)	৫৫০/- ও ৬০০/- (পাঁচশত পঞ্চাশ) (ছয়শত)	২০০০/- (দুই হাজার)

এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপরে বর্ণিত প্রস্তাবিত ভাড়া অনুমোদন করা হয় এবং জানুয়ারী-২০২৩ মাস হতে কার্যকর হয়েছে বলে গণ্য করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরিবর্তিত ভাড়ার হার সংশ্লিষ্টদের অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

(ঘ) বর্ণিত প্রস্তাবিত ভাড়া অনুমোদন করা হয় এবং জানুয়ারী-২০২৩ মাস হতে কার্যকর হয়েছে বলে গণ্য করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়

(ঘ) ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার

০৬.

জগদীশচন্দ্র নাথ (মাননীয় সংসদ সদস্য (উপদেষ্টা), উপজেলা চেয়ারম্যান ও তাইস চেয়ারম্যানদের আলোচনা ও সুপারিশ পর্যালোচনা এবং ন্যায়ত্ব/শ্রোণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)

কোন আলোচনা নাই

০৭.

সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)

ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরঃ

উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক সকল কর্মকর্তা সুষ্ঠুভাবে চলমান আছে। তিনি আরো জানান যে, এডিপি এর টেন্ডার কার্যক্রম প্রায় সম্পূর্ণ হয়েছে খুব শীঘ্রই টেন্ডার আহবান করা হবে। এছাড়া প্রশাসনিক অনুমোদন প্রাপ্ত উপজেলা পরিষদের প্রধান গেইট নির্মাণ কাজেরও টেন্ডার আহবান করা হবে।

দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় এবং দ্রুত সকল কাজ বাস্তবায়ন করার আহবান জানানো হয়।

১। উপজেলা প্রকৌশলী

খ. স্বাস্থ্য বিভাগঃ

করোনা রোগী ২০২২ সাল অদ্যাবধি ৪৬ জন। বর্তমান চিকিৎসাধীন ০০, মৃত্যু ০১ জন। কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। মোট জনসংখ্যা ২৫৬৬২৭, ১ম ডোজ পেয়েছে ২০৭৬৪৯ জন (৮৮.৭০%) এবং ২য় ডোজ ১৭২৮৮০ জন (৮৪%) ৩য় ডোজ ২০১০৫ জন (৫৪%) সম্পন্ন হয়েছে এবং ৫-১১ বছরের শিশু ভ্যাকসিন ১ম ডোজ প্রদান ২৯৩৭১ এবং ২য় ডোজ ১৫৬২০। আইসোলেশনে ২০ টি বেড প্রস্তুত আছে, আইসোলেশন বেডে ৩১ টি অক্সিজেন সিলিন্ডার, অক্সিজেন ফ্লোমিটার ১৮ টি এবং ৮ টি অক্সিজেন কনসেন্ট্রেটর প্রস্তুত আছে। সন্দেহজনক রোগীর

দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।

	সাম্পল পাঠানো অব্যাহত আছে। ২৩ টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২৫৭২৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৯৩২ জন রোগীকে জটিলতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ডিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১২৮৩ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ৫০৯৬ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ৯৯৩ জন রোগীকে প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এবং ৫০৫ জন রোগীকে অন্তঃবিভাগে ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ৫০ জন, ১৫ জন সিজারিয়ান অপারেশন করা হয়। ২৫০ জন রোগীকে ভায়া পরীক্ষা হইয়াছে।		
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলার ১৬৪২০ হেক্টর বোরো ধান আবাদে লক্ষ্যমাত্রা অনুযায়ী ইতি মধ্যে ১১৫০০ হেক্টর জমিতে বোরো ধান রোপন সম্পন্ন হয়েছে এবং বাকি জমিতে আবাদে কার্যক্রম চলমান আছে। বীজতলার অবস্থা ভাল। শীতকালীন সবজি, সরিষা, পেঁয়াজ, রসুন, মসুর, ডুট্টা, বোরো ধান চাষীদের উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে সার্বিক পরামর্শ প্রদান করা হচ্ছে। ডাল, তেল ও মসলা জাতীয় ফসলের উপর কৃষি ঋণ প্রদানের জন্য কৃষকদের মাঝে উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে প্রচার প্রচারনার কার্যক্রম চলমান রয়েছে এবং ইতিমধ্যে ২০২ জন কৃষি ঋণ নিতে আগ্রহী কৃষকের নামের তালিকা উপজেলা কৃষি ঋণ কমিটির সভাপতি বরাবর প্রেরণ করা হয়েছে। কৃষি ঋণ প্রদানকৃত ব্যাংক গুলোর তথ্য মতে ২২ জন কৃষকের মাঝে ১৩৩০০০০/- টাকা কৃষিঋণ প্রদান করা হয়েছে। বিশেষ কর্মসূচীর আওতায় ফল গাছের পরিচর্যা, ডার্মি কম্পোষ্ট/কম্পোষ্ট তৈরী, পুষ্টি বাগান স্থাপন সহ অন্যান্য কার্যক্রমের জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় বিভিন্ন ফসল মাঠ পর্যায়ে বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। সার মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে উন্নয়ন সহায়তা (ভর্তুকি) কার্যক্রমের আওতায় কন্বাইন হারভেস্টার, সিডার, বেড প্লান্টার, পটেটো ডিগার অনুমোদিত কৃষকদের মাঝে বিতরণ করা হচ্ছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষি মেলা, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া উপজেলার বিভিন্ন মাছ বাজারে উপজেলা প্রশাসনের সহযোগিতায় জাটকা ক্রয়-বিক্রয়, পরিবহণ, মজুদ ও বিনিময় বিরোধী অভিযান সফল ভাবে পরিচালিত হচ্ছে। উল্লেখ থাকে যে, জাটকা সংরক্ষনের প্রয়োজনীয়তার উপর মাছ বাজারে ব্যবসায়ীদের সাথে মতবিনিময় করা হয়। এবং মৎস্য আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা মূলক সভা করা হয়েছে। এছাড়াও দপ্তরের অন্যান্য স্বাভাবিক কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা।
ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বয়স্ক ভাতা প্রত্যাশীদের প্রতিস্থাপনের কাজ চলমান আছে। কেন্দ্রীয়ভাবে সকল ভাতার ব্যাংক হিসাব খোলার কাজ চলমান আছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রতিবন্ধী ভাতা প্রত্যাশীদের অনলাইনে আবেদনকারীদের চূড়ান্ত অনুমোদন সম্পন্ন হয়েছে। বহি প্রদত্ত সম্পন্ন হয়েছে। কেন্দ্রীয়ভাবে সকল ভাতার ব্যাংক হিসাব খোলার কাজ চলমান আছে। ব্যাংক হিসাব খোলা সম্পন্ন হলে বহি বিতরণ শুরু হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম সন্তোষজনক।	ভাতা প্রদান ও দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা

ছ. পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, গত মাসে উপজেলার মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৬২২৪ জন। বিভিন্ন পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা খাবার বড়ি ৫১৫৯(চক্র) কনডম ১৪২৫৮ (পিস) ইনজেকটেবল ১২২১ জন আইইউডি ৬৪জন, ইমপ্লান্ট ১৪৪জন, স্থায়ী পদ্ধতি পুরুষ ০০জন, মহিলা ০৩ মোট ০৩ জন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা পরিিকল্পনা কর্মকর্তা
জ. শিক্ষা বিভাগ (প্রাথমিক):	উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় ইতোমধ্যে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০১৮ এর আওতায় উপজেলায় প্রাথমিক শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়েছে। জেলা পর্যায়ে আয়োজিত প্রাথমিক শিক্ষা মেলায় অত্র বাঘারপাড়া উপজেলা ২য় স্থান অর্জন করেছে। জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০১৭ এর আওতায় অত্র উপজেলার শেখেরবাতান সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র মোঃ আব্দুল করিম জাতীয় পর্যায়ে ১০০ মিটার দৌড় প্রতিযোগীতায় শ্রেষ্ঠত্ব অর্জন করায় গত ০৬/৩/২০১৮ ইং তারিখে মহামান্য রাষ্ট্রপতি মহোদয়ের নিকট থেকে পদক গ্রহন করেছেন। যাহা আমাদের বাঘারপাড়া প্রাথমিক শিক্ষা তথা বাঘারপাড়া উপজেলার জন্য অত্যন্ত গৌরবের বিষয়। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মদিন উপলক্ষে ১৭মার্চ জাতীয় শিশু দিবস যথাযথভাবে পালনের জন্য এবং মহান স্বাধীনতা দিবস ২৬মার্চ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত গৃহীত বিভিন্ন কর্মসূচী যথাযথভাবে পালনের জন্য বিদ্যালয় পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। অত্র উপজেলার অন্যান্য সকল কার্যক্রম নিয়মিত ও যথাযথভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. শিক্ষা বিভাগ (মাধ্যমিক):	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, বাঘারপাড়া সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে মাধ্যমিক স্তরের ৭০১জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা জন্য অনুরোধ জানানো হয়।	(১) ও (২) উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
ঞ. পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নে কাজ করে আসছে। তাছাড়া গ্রামের সাধারণ জনগণকে একত্রিত করে সংগঠনের মাধ্যমে স্বনির্ভরতা অর্জন, পুষ্টি গঠন, প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কৃষক সমিতি, বিত্তহীন পুরুষ ও মহিলাদের নিয়ে কার্যক্রম পরিচালনা করে থাকে। ২২৮টি সমিতি ৬৫৮৯ জন সমবায়ীর মাঝে ২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৩৫.১৮ লক্ষ টাকা। তন্মধ্যে চলতি আর্থিক বছরে ৭৫৮জন সদস্যর মধ্যে ৩৩০.৭৯ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ২৫৭.২০ ঋণ আদায় করা হয়েছে। বিআরডিবি আওতাভুক্ত সকল প্রকল্প/কর্মসূচীর মাধ্যমে দারিদ্র্যতা নিরসনে ও আত্মনির্ভরশীলতা সৃষ্টি কল্পে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন সমিতিতে চলতি ও খেলাপী ঋণের টাকা আদায়ে সম্মানিত চেয়ারম্যানবৃন্দ ও অন্যান্য কর্মকর্তাদের আন্তরিক সহযোগীতা কামনা করেন।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের মাধ্যমে এ পর্যন্ত ১০৩৫১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যার মধ্য থেকে ৫৫১৫ জন যুব ও ৪৮৩৬ জন যুব মহিলাকে আত্মকর্মী করা হয়েছে। এছাড়া প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের মধ্য হতে ১০২৬ জন যুব ও ৬৩০ জন যুব মহিলা সহ মোট ১৬৫৬ জন কে যুব ঋণ হিসাবে ৪৭১২১৩০০/- টাকা প্রদান করা হয়েছে, যার আদায় হার ৯৭%। তিনি সভায় আর ও জানান যে, দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ:	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় কর্মকর্তা সভায় জানান যে, অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৬০টি ২০২১-২০২২সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত মোট ৪৩টি প্রাথমিক সমিতি অডিট সম্পাদন করা হয়েছে। ২০২০-২০২১সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,১০,৭০০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,১০,৭০০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৬২৪৪৫/-টাকা, যার মধ্যে আদায় হয়েছে ৬২,৪৪৫/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মূল বরাদ্দ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এপর্যন্ত ঋণায়মান হিসাবে	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা

	মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৩,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৬১৫০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমাণ ৪০,৭০,৩৪০/-টাকা মোট ঋণ আদায় ৩৫,৫৯,২৪৪/-টাকা অনাদায়ী ঋণের পরিমাণ ৫,১১,০৯৬/-টাকা। আদায়ের হার ৮৭%।		
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ডিডব্লিউবি কার্যক্রমঃ বাঘারপাড়া উপজেলায় বর্তমানে ডিডব্লিউবি উপকারভোগীর সংখ্যা ২১৫২ জন। ডিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ চক্রে ভাতাভোগীর তালিকা চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায়। জানুয়ারি/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত ০৬ (ছয়) মাসের খাদ্যশস্য বরাদ্দ পাওয়া গেছে। তালিকা চূড়ান্ত অনুমোদন হলে ডিডব্লিউবি কার্ড প্রস্তুত পূর্বক খাদ্যশস্য বিতরণের জন্য ডিও প্রদান করা হবে। মা ও শিশু সহায়তা কর্মসূচিঃ মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন কমিটির মাধ্যমে প্রাথমিক তালিকা দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের পত্র প্রেরণ করা হয়েছে। প্রশিক্ষণঃ আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের আওতায় বর্তমানে ১৮ তম ব্যাচে ২৫ (পঁচিশ) জন করে দুটি ট্রেডে মোট ৫০ জন মহিলার প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ক্ষুদ্রঋণঃ ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। জানুয়ারি/২০২৩ মাস পর্যন্ত ৩১৯ জনকে ৩৩,২৮,০০০ টাকা প্রদান করা হয়েছে। কিশোর কিশোরী ক্লাবঃ বাঘারপাড়া উপজেলায় ১০ (দশ) টি কিশোর কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। উঠান বৈঠকঃ বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।
ট. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
গ. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, অত্র উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের ওয়াশ ব্লকের নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরের গভীর নলকূপের সহায়ক চাঁদা বাবদ চালান সংগ্রহের পাশাপাশি নলকূপের বোরিং কার্যক্রম চলমান রয়েছে। প্রধান প্রকৌশলী মহোদয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা, বাঘারপাড়া উপজেলার জন্য একটি নতুন ভবন নির্মাণ করার অনুমোদন দিয়েছেন, যার ছাদ ঢালায় শেষ হয়েছে। দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে।	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
ড. বন বিভাগ	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।	ফরেস্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	(১) মেয়র, বাঘারপাড়া পৌরসভা জানান যে, অত্র উপজেলার অভ্যন্তরে সড়ক ও জনপদের একটি মাত্র রাস্তা রয়েছে যা উপজেলা পরিষদের সামনে দিয়ে গিয়েছে যার পাশ দিয়ে অর্থাৎ উপজেলা পরিষদের প্রধান গেটের দুই পাশে উপজেলা পরিষদ ও সড়কের রাস্তার জায়গা দখল করে জেলা পরিষদ অবৈধভাবে (পৌরসভা কর্তৃক কোনরূপ অনুমোদন না নিয়ে) দোকান গড়ে তুলেছে। উক্ত দোকানের জন্য বাঘারপাড়া চৌরাস্তা এলাকায় ব্যাপকভাবে যানজটসহ নানা ধরনের সমস্যা সৃষ্টি হচ্ছে। এছাড়া তিনি সকলের অবহিতকরণের জন্য জানান যে, বিশ্ব ব্যাংক কর্তৃক পৌরসভার নানা ধরনের উন্নয়নমূলক কাজের একটি বিশাল প্রকল্প পাওয়া গেছে, খুব শীঘ্রই কার্যক্রম শুরু করা হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগীতা কামনা করেন।	(১) জেলা সমন্বয় সভায় উপস্থাপনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) সংশ্লিষ্ট সকল

(২) ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরের কোয়ার্টারে বসবাসকৃত কর্মকর্তা/কর্মচারীগণ যখন বাসা বরাদ্দ বাতিল করে তখন যদি বরাদ্দ বাতিল করার পূর্বে বিদ্যুৎ বিল পরিশোধ আছে কিনা তার একটি প্রত্যয়ন গ্রহন করা হয় তবে বিদ্যুৎ বকেয়া রেখে কারও পক্ষে বাসা ছেড়ে চলে যাওয়া সম্ভব হবে না। কারন ইতোপূর্বে অনেকেই বিদ্যুৎ বিল বকেয়া রেখে বাসা ছেড়ে চলে গেছে মর্মে দেখা যাচ্ছে। যার কারনে সরকারি রাজস্ব হারাচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পূর্বে যাদের বিল বকেয়া রয়েছে ডিজিএম এর সহিত সমন্বয়পূর্বক তাদেরকে পত্র প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী অনুরোধ জানানো হয়। (৩) উপজেলা একাডেমিক সুপারভাইজার উপজেলা পাবলিক লাইব্রেরীর ভবন নির্মানের বিষয়টি সভায় উপস্থাপন করিলে, এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা ডরমেটরীর পশ্চিম পাশে নিচে অফিসার্স ক্লাব এবং উপরে পাবলিক লাইব্রেরীর ভবন করার প্রস্তাবনা সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ পূর্বক ভবন নির্মান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। (৪) উপজেলা ভাইস চেয়ারম্যান বলেন উপজেলা পরিষদের ইনটেরিয়র কাজের মান আরো একটু ভালো করা প্রয়োজন ছিল। (৫) উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলকে আরো দায়িত্বশীল হতে হবে।	(২) উপজেলা প্রকৌশলীকে বাসা বরাদ্দ বাতিলের ক্ষেত্রে সংশ্লিষ্টদের নিকট হতে বাসা ভাড়া ও বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন গ্রহনপূর্বক বাসা বাতিল করার জন্য অনুরোধ জানানো হয়। (৩) উপজেলা ডরমেটরীর পশ্চিম পাশে নিচে অফিসার্স ক্লাব এবং উপরে পাবলিক লাইব্রেরীর ভবন করার প্রস্তাবনা সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ পূর্বক ভবন নির্মান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।	(২) উপজেলা প্রকৌশলী (৩)(ক) উপজেলা প্রকৌশলী (খ) উপজেলা নির্বাহী অফিসার (গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ (৪) সংশ্লিষ্ট সকল
---	---	--

অতঃপর অধ্যাকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ডিস্টোরিয়া পারভীন সাধী
 সভাপতি
 ও
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২২-০৮

তারিখঃ ০২/০২/২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, যশোর।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৮. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৯. মেয়র, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
১০. উপজেলা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
১১. চেয়ারম্যান, ... ইউনিয়নপরিষদ, বাঘারপাড়া, যশোর।
১২. সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।


 সৈয়দ জাকির হাসান
 উপজেলা নির্বাহী অফিসার
 বাঘারপাড়া, যশোর।